# বিয়াম ফাউন্ডেশন গবেষণা এবং পরামর্শ সেবা পরিচালনা নীতিমালা, ২০২৩

# (BIAM Foundation Research and Consultancy Service Policy, 2023)

বাংলাদেশ ইনস্টিটিউট অব এ্যাডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট (বিয়াম) ফাউন্ডেশন

৬৩, নিউ ইস্কাটন, ঢাকা -১২১৭।

# মুখবন্ধ

জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীনে বাংলাদেশ ইনস্টিটিউট অব এ্যাডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট (বিয়াম) ফাউন্ডেশন বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারের সদস্যদের পেশাভিত্তিক উৎকর্ষ সাধন এবং উন্নয়ন ও ব্যবস্থাপনায় নিয়োজিত সরকারের সর্বস্তরের কর্মকর্তাদের পেশাগত মানোন্নয়ন ও দক্ষতা বৃদ্ধির উদ্দেশ্যে যথাযথ প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ এবং গবেষণা কার্যক্রম পরিচালনার লক্ষ্যে প্রতিষ্ঠিত। এ ফাউন্ডেশন বিভিন্ন সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের চাহিদার পাশাপাশি নিজস্ব উদ্যোগে প্রশিক্ষণ প্রদান এবং গবেষণা কার্যক্রম পরিচালনাসহ বিভিন্ন সেমিনার, সিম্পোজিয়াম, কর্মশালা, শিক্ষা ও গবেষণাধর্মী অনুষ্ঠানে প্রয়োজনীয় সহযোগিতা করে থাকে। জ্ঞানভিত্তিক জাতি গঠন ও মানসম্পন্ন শিক্ষা ব্যবস্থা নিশ্চিতকরণের লক্ষ্যে বিয়াম ফাউন্ডেশন দেশের বিভিন্ন জেলা ও উপজেলায় বাংলা ও ইংরেজি মাধ্যমে ৪৪টি শিক্ষাপ্রতিষ্ঠান পরিচালনা করছে।

জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত 'বাংলাদেশ ইনস্টিটিউট অব এ্যাডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট ফাউন্ডেশন রেজুলেশন-২০০২'-এর অনুচ্ছেদ ৫(গ) এবং ৫(ঠ) অনুযায়ী উন্নয়ন প্রশাসন ও ব্যবস্থাপনা বিষয়ে গবেষণা কার্যক্রম পরিচালনা এবং সরকার ও বিভিন্ন প্রতিষ্ঠানকে পরামর্শ ও সেবা প্রদান সুনির্দিষ্টভাবে বিয়াম ফাউন্ডেশনের কার্যপরিধির অন্তর্ভুক্ত। এছাড়া, পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা (পিপিআর), ২০০৮ এর বিধি ১০৪(ঈ) অনুযায়ী বিয়াম ফাউন্ডেশন একক উৎসভিত্তিক পরামর্শক নির্বাচনের ক্ষেত্রে বিশেষায়িত সেবা প্রদানকারী যোগ্যতাসম্পন্ন প্রতিষ্ঠানের তালিকাভুক্ত।

দেশের অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নের সাথে সাথে গবেষণার প্রয়োজনীয়তা ক্রমেই বৃদ্ধি পাচ্ছে এবং গবেষণার ক্ষেত্রও বিস্তৃত হচ্ছে। জাতীয় উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে প্রতি অর্থবছর উন্নয়ন খাতে সরকারের বাজেট বরাদ্দ এবং আর্থ-সামাজিক উন্নয়নে গৃহীত প্রকল্পের সংখ্যা বৃদ্ধি পাওয়ার প্রেক্ষিতে বিভিন্ন প্রকল্পে পরামর্শ সেবা গ্রহণ ও সম্ভাব্যতা সমীক্ষা পরিচালনার চাহিদাও ক্রমবর্ধমান। প্রশাসন ও ব্যবস্থাপনার পাশাপাশি অর্থনৈতিক ও সামাজিক ক্ষেত্রসমূহে বিভিন্ন বিষয়ে গবেষণা ও উদ্ভাবনী কর্মকান্ড পরিচালনা এবং ক্রমবর্ধমান চাহিদার বিপরীতে বিভিন্ন প্রকল্পে উপযুক্ত পরামর্শ সেবা প্রদান ও সম্ভাব্যতা সমীক্ষা পরিচালনায় বিয়াম ফাউন্ডেশন মানসম্মত অবদান রাখতে পারবে মর্মে আশা করা যাচ্ছে। এ সকল কার্যক্রম ফাউন্ডেশনের অধীনে প্রতিষ্ঠিত 'গবেষণা ও পরামর্শ সেবা সেল'-এর মাধ্যমে পরিচালিত হবে।

বিয়াম ফাউন্ডেশনের বুদ্ধিবৃত্তিক সর্বোচ্চ সম্ভাব্য মান সংরক্ষণে গবেষণার নৈতিক ভিত্তি ও জবাবদিহিতা, গবেষণা প্রকল্পের আর্থিক ব্যবস্থাপনা, সংশ্লিষ্ট তহবিলের সর্বোচ্চ সদ্ব্যবহার এবং পরামর্শক সেবা প্রদানের ক্ষেত্রে সর্বোচ্চ মান নিশ্চিত করার লক্ষ্যে 'বিয়াম ফাউন্ডেশন গবেষণা এবং পরামর্শ সেবা পরিচালনা নীতিমালা, ২০২৩' প্রণয়ন করা হয়েছে। এ নীতিমালায় বিয়াম ফাউন্ডেশনের নিজস্বসহ অন্যান্য প্রতিষ্ঠানের চাহিদার ভিত্তিতে গবেষণা পরিচালনা এবং পরামর্শ সেবা প্রদানের ক্ষেত্রে প্রয়োজন অনুযায়ী মেধাসম্পন্ন, দক্ষ, অভিজ্ঞ, পেশাদার ও যোগ্যতাসম্পন্ন ব্যক্তিবর্গকে নিয়োজিত করার সুযোগ সৃষ্টি করা হয়েছে। নীতিমালাটি ফাউন্ডেশনের অংশীজন, তহবিলদাতা এবং গবেষণা ও পরামর্শক সেবা কার্যক্রম পরিচালনায় নিযুক্ত সকল ব্যক্তির জন্য প্রযোজ্য হবে।

'বিয়াম ফাউন্ডেশন গবেষণা এবং পরামর্শ সেবা পরিচালনা নীতিমালা, ২০২৩' প্রতিষ্ঠানের গবেষণা ও পরামর্শ কার্যক্রম পরিচালনায় একটি নতুন যুগের সূচনা করবে এবং স্থানীয় ও আন্তর্জাতিকভাবে বিয়াম ফাউন্ডেশনের ভাবমূর্তি উন্নত করবে মর্মে আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি।

মোঃ মাহবুব-উল-আলম
মহাপরিচালক
বিয়াম ফাউন্ডেশন, ঢাকা।

# বিয়াম ফাউন্ডেশন গবেষণা এবং পরামর্শ সেবা পরিচালনা নীতিমালা, ২০২৩

যেহেতু, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত 'বাংলাদেশ ইনস্টিটিউট অব অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড ম্যানেজমেন্ট ফাউন্ডেশন রেজুলেশন-২০০২' অনুযায়ী মানবসম্পদ উন্নয়ন, প্রশাসন ও ব্যবস্থাপনাসহ অন্যান্য ক্ষেত্রে গবেষণা পরিচালনা ফাউন্ডেশনের কার্যপরিধির অন্তর্ভুক্ত;

যেহেতু, পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ১০৪(ঈ) অনুযায়ী বিয়াম ফাউন্ডেশন একক উৎসভিত্তিক পরামর্শক নির্বাচনের ক্ষেত্রে বিশেষায়িত সেবা প্রদানকারী যোগ্যতাসম্পন্ন প্রতিষ্ঠানের তালিকাভুক্ত;

যেহেতু, বিয়াম ফাউন্ডেশন কর্তৃক সুশৃঙ্খল ও কার্যকর গবেষণা কার্যক্রম পরিচালনা, পরামর্শ সেবা প্রদান সমীক্ষা কার্যক্রম পরিচালনা এবং এসকল ক্ষেত্রে উৎকর্ষ সাধনের জন্য একটি নীতি কাঠামো প্রয়োজন;

সেহেতু, এ নীতিমালা প্রণয়ন করা হলো-

## প্রথম অধ্যায়
## প্রারম্ভিক

### ১। শিরোনাম, প্রবর্তন ও প্রয়োগ

(১) এ নীতিমালা বিয়াম ফাউন্ডেশন গবেষণা ও পরামর্শ সেবা পরিচালনা নীতিমালা, ২০২৩ নামে অভিহিত হবে।

(২) নীতিমালাটি বোর্ডের অনুমোদনক্রমে মহাপরিচালক কর্তৃক জারির দিন থেকে কার্যকর হবে।

(৩) ফাউন্ডেশনের রাজস্ব বাজেটের অধীনে পরিচালিত গবেষণা এবং দেশী ও বিদেশী প্রত্যাশী সংস্থার চাহিদার পরিপ্রেক্ষিতে গবেষণা, পরামর্শ সেবা বা সমীক্ষা পরিচালনার ক্ষেত্রে এ নীতিমালা প্রযোজ্য হবে।

### ২। সংজ্ঞা

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোনো কিছু না থাকলে, এ নীতিমালায় -

(ক) 'অ্যাসোসিয়েশন' অর্থ 'বাংলাদেশ অ্যাডমিনিস্ট্রেটিভ সার্ভিস অ্যাসোসিয়েশন;

(খ) কর্তৃপক্ষ অর্থ বিয়াম ফাউন্ডেশনের মহাপরিচালক বা তাঁর মনোনিত কর্মকর্তাকে বুঝাইবে;

(গ) 'কারিগরি টিম' অর্থ এ নীতিমালার অনুচ্ছেদ ২৫ (২) অনুসারে গঠিত গবেষণা পরিচালনা টিম;

(ঘ) 'গবেষণা ও পরামর্শক সেবা সেল' অর্থ এ নীতিমালার অনুচ্ছেদ ৫ এর অধীন গঠিত সেল;

(ঙ) 'গবেষণা ও পরামর্শক সেবা নির্বাহী কমিটি' অর্থ এ নীতিমালার অনুচ্ছেদ ৭ এর অধীন গঠিত কমিটি;

(চ) 'গবেষক টিম' অর্থ এ নীতিমালার অনুচ্ছেদ ২৫ (২) অনুসারে গঠিত গবেষণা পরিচালনা টিম;

(ছ) 'গবেষণা ও পরামর্শ উপদেষ্টা কমিটি' অর্থ এ নীতিমালার ১০ (১) অনুসারে গঠিত কমিটি;

(জ) 'তহবিল' অর্থ এ নীতিমালা অনুচ্ছেদ ৩০ অনুসারে গঠিত গবেষণা, পরামর্শ সেবা ও সমীক্ষা পরিচালনা তহবিল;

(ঝ) 'প্রত্যাশী সংস্থা' অর্থ ফাউন্ডেশন কর্তৃক কোনো সুনির্দিষ্ট গবেষণা পরিচালনা বা পরামর্শ সেবা গ্রহণ অথবা সম্ভাব্যতা সমীক্ষাসহ অন্যান্য সমীক্ষা পরিচালনার উদ্দেশ্যে প্রস্তাব প্রদানকারী সংস্থা;

(ঞ) 'পরামর্শক টিম' অর্থ এ নীতিমালার অনুচ্ছেদ ২৫ (২) অনুসারে গঠিত পরামর্শ সেবা প্রদান টিম;

(ট) 'ফাউন্ডেশন' অর্থ বাংলাদেশ ইনস্টিটিউট অব অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড ম্যানেজমেন্ট ফাউন্ডেশন (বিয়াম ফাউন্ডেশন);

(ঠ) 'বোর্ড' অর্থ বিয়াম ফাউন্ডেশনের পরিচালনা বোর্ড;

(ড) 'মহাপরিচালক' অর্থ ফাউন্ডেশনের মহাপরিচালক;

(ঢ) 'রিসোর্স পুল' অর্থ এ নীতিমালার অনুচ্ছেদ ২৭ অনুসারে গঠিত রিসোর্স পুল;

(ণ) 'সার্ভিস' অর্থ বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডার;



মোঃ মাহবব-উল-আলম
মহাপরিচালক
বিয়াম ফাউন্ডেশন, ঢাকা।

### ৩। নীতিমালার উদ্দেশ্য

নীতিমালার উদ্দেশ্যসমূহ নিম্নরূপ-

(ক) দেশের সার্বিক উন্নয়নের সঙ্গে সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে ফাউন্ডেশন কর্তৃক এককভাবে অথবা কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের সাথে যৌথভাবে গবেষণা, পরামর্শ সেবা ও সমীক্ষা কার্যক্রম পরিচালনা;

(খ) ফাউন্ডেশনের অনুষদ সদস্য ও বিশেষ বিষয়ে সার্ভিসের যোগ্যতাসম্পন্ন কর্মকর্তাদের পেশাদারিত্ব উন্নয়ন ও লব্ধ জ্ঞান যথাযথ ব্যবহারের লক্ষ্যে গুণগত ও পরিমাণগত গবেষণা এবং পরামর্শক সেবা কার্যক্রমে উৎসাহ প্রদান;

(গ) প্রকাশনা, কর্মশালা, সিম্পোজিয়াম বা সম্মেলনের মাধ্যমে গবেষণা, পরামর্শ এবং অর্জিত জ্ঞান বিভিন্ন অংশীজনকে অবহিত করাসহ প্রশিক্ষণ কর্মসূচির উন্নয়নে গবেষণালব্ধ ফল প্রয়োগ;

(ঘ) গবেষণার নিয়মিত পর্যবেক্ষণ ও মূল্যায়ন ব্যবস্থা চালু এবং বজায় রাখা এবং গবেষণা কার্যক্রমের কার্যকর সমন্বয় বৃদ্ধি;

(ঙ) ফাউন্ডেশন পরিচালিত প্রশিক্ষণ কার্যক্রমের গুণগত মানোন্নয়নে গবেষণা পরিচালনা;

(চ) উন্নয়ন প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা পরিচালনায় সার্ভিসের সদস্যদের দক্ষতা অর্জন এবং উন্নয়ন প্রকল্প গ্রহণে সহায়তা প্রদান;

(ছ) উন্নয়ন কার্যক্রমে গতিশীলতা ও স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে মূল্যায়ন ও পরিবীক্ষণ কার্যক্রমে নতুন উদ্ভাবনী প্রক্রিয়া সৃষ্টি;

(জ) গবেষণা কার্যক্রমে তহবিলের যথাযথ সংকুলান ও বণ্টন;

(ঝ) প্রত্যাশী সংস্থার অনুরোধে গৃহীতব্য প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা পরিচালনা;

(ঞ) প্রত্যাশী সংস্থার অনুরোধে গবেষণা ও পরামর্শ সেবা প্রদান;

(ট) সরকার কর্তৃক নির্দেশিত গবেষণা বা সমীক্ষা পরিচালনা; এবং

(ঠ) গবেষণা সংক্রান্ত কার্যক্রমের জন্য অনুমোদিত বিশ্ববিদ্যালয় সমূহের সাথে সমঝোতা স্মারকের মাধ্যমে অংশীদারিত্ব স্থাপন।

### ৪। গবেষণা পরিচালনা, পরামর্শ সেবা প্রদান এবং সমীক্ষা পরিচালনার ক্ষেত্রসমূহ-

(১) ফাউন্ডেশন হতে স্ব-উদ্যোগে, প্রত্যাশী সংস্থার চাহিদার ভিত্তিতে অথবা সরকারের নির্দেশনাক্রমে নিম্নোক্ত বিষয়ে গবেষণা পরিচালনা অথবা পরামর্শ সেবা প্রদান বা সমীক্ষা পরিচালনা করা হবে-

(ক) নীতি বিশ্লেষণ ও মূল্যায়ন;

(খ) বিভিন্ন বিষয়ে নিবিড় বিশ্লেষণ (In-depth Analysis);

(গ) বাস্তবায়িত কর্মসূচি মূল্যায়ন (Program Evaluation);

(ঘ) প্রকল্পের সম্ভাব্যতা যাচাই (Feasibility Study);

(ঙ) পাবলিক সার্ভিস ডেলিভারি;

(চ) ই-গভর্নেন্স;

(ছ) প্রশিক্ষণ মডিউল প্রণয়ন ও মূল্যায়ন;

(জ) দক্ষতা অর্জনে নতুন উদ্ভাবনী প্রক্রিয়া;

(ঝ) শিক্ষার মানোন্নয়নে পরামর্শ সেবা প্রদান;

(ঞ) কার্যপ্রণালী সহজীকরণ (Business Process Reengineering);

(ট) আর্থিক বিশ্লেষণ ও আর্থিক ব্যবস্থাপনা;

(ঠ) মানব সম্পদ ব্যবস্থাপনা;

(ড) বাজার গবেষণা (Market Research);

(ঢ) গৃহীতব্য বা বাস্তবায়িত প্রকল্প বা উদ্যোগের পরিবেশগত প্রভাব মূল্যায়ন;

(ণ) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি;

মোঃ [illegible]
মহাপরিচালক
বিয়াম ফাউন্ডেশন, ঢাকা।

(ত) নেতৃত্ব উন্নয়ন (Leadership development);

(থ) প্রাতিষ্ঠানিক সম্পদ ব্যবস্থাপনা (Enterprise Resource Management);

(দ) ৪র্থ শিল্প বিপ্লব (4IR);

(ধ) টেকসই উন্নয়ন অভীষ্টসমূহ (SDGs);

(ন) পল্লী উন্নয়ন (Rural Development);

(প) সামাজিক বিষয়াদি (Social Issues) যেমন পেশা, শারীরিক বা মানসিক কারণে পিছিয়ে পড়া মানুষ, লিঙ্গ সমতা ইত্যাদি;

(ফ) সরকারি ক্রয় ব্যবস্থাপনা (Public Procurement Management);

(ব) চলমান বা সমাপ্ত প্রকল্প, কর্মসূচী বা উদ্যোগের প্রভাব বিশ্লেষণ (Impact Analysis);

(ভ) নির্মাণ (Construction); এবং

(ম) প্রাসংগিক গুরুত্বপূর্ণ অন্যান্য বিষয়।

(২) 'গবেষণা ও পরামর্শ উপদেষ্টা কমিটি'র সাথে পরামর্শক্রমে কর্তৃপক্ষ এ ক্ষেত্রসমুহে সংযোজন বিয়োজন করতে পারবেন।

## দ্বিতীয় অধ্যায়
## বিয়াম ফাউন্ডেশন গবেষণা ও পরামর্শ সেবা সেল

### ৫। গবেষণা ও পরামর্শ সেবা সেল প্রতিষ্ঠা

(১) এ নীতিমালার উদ্দেশ্য পূরণকল্পে ফাউন্ডেশনের আওতায় একটি 'গবেষণা ও পরামর্শ সেবা সেল' প্রতিষ্ঠা করা হবে।

(২) গবেষণা ও পরামর্শ সেবা সেলে পরিচালক (যুগ্মসচিব বা উপসচিব) পর্যায়ের একজন কর্মকর্তা এবং প্রয়োজনীয় সংখ্যক উপপরিচালক (উপসচিব/সিনিয়র সহকারী সচিব), সহকারী পরিচালক (সহকারী সচিব), গবেষণা কর্মকর্তা এবং অন্যান্য কর্মকর্তা ও কর্মচারী পদায়ন করা হবে। কর্তৃপক্ষ এ সেলে নিয়োগপ্রাপ্ত অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীর দায়িত্ব নির্ধারণ করবেন।

### ৬। গবেষণা ও পরামর্শ সেবা সেলের কার্যাবলি

গবেষণা ও পরামর্শ সেবা সেল নিম্নোক্ত কার্যাবলি সম্পাদন করবে-

(ক) ফাউন্ডেশন পরিচালিত নিজস্ব গবেষণার অনুমোদন এবং মূল্যায়নে গবেষণা ও পরামর্শ সেবা নির্বাহী কমিটিকে সার্বিক সহায়তা প্রদান;

(খ) প্রত্যাশী সংস্থার চাহিদা অনুসারে গবেষণা পরিচালনা, পরামর্শ সেবা প্রদান বা সমীক্ষা পরিচালনার জন্য রিসোর্স পুল গঠনসহ পুলে পরামর্শক ও বিশেষজ্ঞ অন্তর্ভুক্তির প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;

(গ) গবেষণা ও পরামর্শ সেবা নির্বাহী কমিটি'র সুপারিশের ভিত্তিতে 'গবেষক টিম' এবং 'পরামর্শক টিম' গঠন ও অনুমোদন গ্রহণ;

(ঘ) কোনো প্রত্যাশী সংস্থার চাহিদার বিপরীতে গবেষণা, পরামর্শ সেবা বা সমীক্ষার জন্য বাজেট এবং কারিগরি ও আর্থিক প্রস্তাব প্রণয়ন;

(ঙ) গবেষণা, পরামর্শ সেবা ও সমীক্ষা সংক্রান্ত তহবিল ব্যবস্থাপনা;

(চ) গবেষণা, পরামর্শ সেবা ও সমীক্ষা বিষয়ে গবেষণা ও পরামর্শ সেবা নির্বাহী কমিটির সুপারিশক্রমে কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের সাথে যৌথ কার্যক্রম গ্রহণ এবং চুক্তি ব্যবস্থাপনা;

(ছ) গবেষণা, পরামর্শ সেবা ও সমীক্ষা সংক্রান্ত সকল রেকর্ড সংরক্ষণসহ অন্যান্য কার্যক্রম গ্রহণ;

(জ) ফাউন্ডেশনের নিজস্ব গবেষণার ফলাফল প্রকাশ;

(ঝ) ফাউন্ডেশনের গবেষণা পরিচালনা, পরামর্শ সেবা প্রদান ও সমীক্ষা পরিচালনার সক্ষমতা প্রচার; এবং

(ঞ) গবেষণা, পরামর্শ সেবা ও সমীক্ষা কার্যক্রমের সাচিবিক দায়িত্ব পালন।

মোঃ মাহবুব-উল-আলম
মহাপরিচালক
বিয়াম ফাউন্ডেশন, ঢাকা।

## তৃতীয় অধ্যায়

## গবেষণা ও পরামর্শ সেবা কার্যক্রম ব্যবস্থাপনা

**৭। ‘গবেষণা ও পরামর্শ উপদেষ্টা কমিটি’**

(১) ফাউন্ডেশনের আওতায় গবেষণা, পরামর্শ সেবা ও সমীক্ষা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য নিম্নরূপ একটি ‘গবেষণা ও পরামর্শ উপদেষ্টা কমিটি’ থাকবে।

| | | |
|---|---|---|
| (ক) | সভাপতি, বাংলাদেশ অ্যাডমিনিস্ট্রেটিভ সার্ভিস অ্যাসোসিয়েশন (বাসা) | : সভাপতি |
| (খ) | জনপ্রশাসন মন্ত্রণালয়ের অন্যূন অতিরিক্ত সচিব পর্যায়ের প্রতিনিধি | : সদস্য |
| (গ) | স্থানীয় সরকার বিভাগের অন্যূন অতিরিক্ত সচিব পর্যায়ের প্রতিনিধি | : সদস্য |
| (ঘ) | সড়ক ও মহাসড়ক বিভাগের অন্যূন অতিরিক্ত সচিব পর্যায়ের প্রতিনিধি | : সদস্য |
| (ঙ) | গৃহায়ন ও গণপূর্ত বিভাগের অন্যূন অতিরিক্ত সচিব পর্যায়ের প্রতিনিধি | : সদস্য |
| (চ) | বাংলাদেশ অ্যাডমেনিস্ট্রেটিভ সার্ভিস অ্যাসোসিয়েশন (বাসা) কর্তৃক মনোনিত ০২ (দুই) জন সিনিয়র সচিব/সচিব পর্যায়ের কর্মকর্তা | : সদস্য |

**৮। ‘গবেষণা ও পরামর্শ উপদেষ্টা কমিটি’র কার্যপরিধি**

গবেষণা ও পরামর্শ উপদেষ্টা কমিটির কার্যপরিধি নিম্নরূপ হবে-

(ক) গবেষণা বা সমীক্ষা পরিচালনার ক্ষেত্রে ‘গবেষণা ও পরামর্শক সেবা নির্বাহী কমিটি’কে পরামর্শ প্রদান;

(খ) বিয়াম ফাউন্ডেশন পরিচালিত গবেষণা, পরামর্শ সেবা ও সমীক্ষার মান উন্নয়নে প্রয়োজনীয় সুপারিশ প্রদান;

(গ) গবেষক, পরামর্শক ও বিশেষজ্ঞ রিসোর্স পুলে অন্তর্ভুক্তকরণে প্রয়োজনীয় পরামর্শ প্রদান এবং

(ঘ) গবেষণা ও সমীক্ষা পরিচালনা সংক্রান্ত বার্ষিক প্রতিবেদন পর্যালোচনা ও সুপারিশ প্রদান।

**৯। ‘গবেষণা ও পরামর্শ উপদেষ্টা কমিটি’র সভা ও সম্মানী**

‘গবেষণা ও পরামর্শ উপদেষ্টা কমিটি’ প্রতি বছর দুটি সভায় মিলিত হবেন। প্রতি সভায় যোগদানের জন্য কমিটির সদস্যগণ কর্তৃপক্ষ কর্তৃক নিধারিত হারে সম্মানী প্রাপ্য হবেন।

১০। ‘গবেষণা ও পরামর্শক সেবা নির্বাহী কমিটি’

(১) ফাউন্ডেশনের আওতায় গবেষণা, পরামর্শ সেবা ও সমীক্ষা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য নিম্নরূপ একটি ‘গবেষণা ও পরামর্শক সেবা নির্বাহী কমিটি’ থাকবে।

| | | |
|---|---|---|
| (ক) | মহাপরিচালক | : সভাপতি |
| (খ) | ফাউন্ডেশনের পরিচালকবৃন্দ (সকল) | : সদস্য |
| (গ) | জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক মনোনীত যুগ্মসচিব বা তদূর্ধ্ব ১ (এক) জন কর্মকর্তা | : সদস্য |
| (ঘ) | বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর কর্তৃক মনোনীত এমডিএস বা পরিচালক পর্যায়ের ১জন প্রতিনিধি | : সদস্য |
| (ঙ) | ঢাকা বিশ্ববিদ্যালয়ের ডেভেলপমেন্ট স্টাডিজ বিভাগের চেয়ারম্যান অথবা তৎকর্তৃক মনোনীত প্রতিনিধি (সহযোগি অধ্যাপকের নিম্নে নয়) | : সদস্য |
| (চ) | বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর মনোনীত একজন প্রতিনিধি (সহযোগি অধ্যাপকের নিম্নে নয়) | : সদস্য |
| (ছ) | পরিচালক, ফাউন্ডেশন গবেষণা ও পরামর্শ সেবা সেল | : সদস্য-সচিব |

(২) কমিটি প্রয়োজনে যে কোন গবেষণা বা পরামর্শ সেবা প্রদানের নিমিত্ত কোন বিশেষজ্ঞের পরামর্শ গ্রহণ করতে পারবে।



মোঃ মাহবুব-উল-আলম
মহাপরিচালক
বিয়াম ফাউন্ডেশন, ঢাকা।

**১১। 'গবেষণা ও পরামর্শক সেবা নির্বাহী কমিটি' এর কার্যপরিধি**

গবেষণা ও পরামর্শ সেবা নির্বাহী কমিটির কার্যপরিধি নিম্নরূপ হবে-

(ক) ফাউন্ডেশনের স্ব-উদ্যোগে গবেষণা বা সমীক্ষা পরিচালনা প্রস্তাব পর্যালোচনা, সুপারিশ প্রদান ও অনুমোদন;

(খ) কোনো প্রত্যাশী সংস্থার চাহিদা অনুযায়ী গবেষণা পরিচালনা, পরামর্শ সেবা প্রদান ও সমীক্ষা পরিচালনার প্রস্তাব মূল্যায়ন ও সুপারিশ;

(গ) প্রত্যাশী সংস্থার চাহিদার আলোকে প্রয়োজনমত 'গবেষক টিম', 'পরামর্শক টিম' বা 'সমীক্ষা পরিচালনা টিম' গঠন;

(ঘ) একক গবেষক বা 'গবেষক টিম' কর্তৃক সম্পাদিত গবেষণা মূল্যায়ন এবং সুপারিশ;

(ঙ) 'সমীক্ষা পরিচালনা টিম' কর্তৃক পরিচালিত সমীক্ষা প্রতিবেদন মূল্যায়ন এবং সুপারিশ;

(চ) গবেষণা, পরামর্শ সেবা বা সমীক্ষা পরিচালনার জন্য গঠিত টিম কর্তৃক প্রণীত প্রতিবেদন মূল্যায়ন এবং সুপারিশ;

(ছ) গবেষণা, পরামর্শ সেবা ও সমীক্ষা বিষয়ে কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের সাথে যৌথ কার্যক্রম গ্রহণের ক্ষেত্রে প্রয়োজনীয়তা পর্যালোচনা ও সুপারিশ;

(জ) ফাউন্ডেশন পরিচালিত নিজস্ব গবেষণা বা সমীক্ষার বাজেট অনুমোদনের সুপারিশ;

(ঝ) কোনো প্রত্যাশী সংস্থার চাহিদার বিপরীতে গবেষণা, পরামর্শ সেবা বা সমীক্ষার জন্য বাজেট এবং কারিগরি ও আর্থিক প্রস্তাব সুপারিশ; এবং

(ঞ) কমিটি 'গবেষণা ও পরামর্শ উপদেষ্টা কমিটি'র চাহিদা অনুসারে প্রয়োজনীয় তথ্য সরবরাহ করবে।

## চতুর্থ অধ্যায়

## সরকারি বা নিজস্ব অর্থায়নে ফাউন্ডেশন কর্তৃক পরিচালিত গবেষণা অনুমোদন ও বাস্তবায়ন প্রক্রিয়া

**১২। সরকারি বা নিজস্ব অর্থায়নে পরিচালিত গবেষণার শ্রেণি**

(১) বাজেট অনুসারে গবেষণার শ্রেণি

অনুমোদিত বাজেট অনুসারে গবেষণা কার্যক্রমের শ্রেণি নিম্নরূপ-

(ক) 'ক' শ্রেণির গবেষণা: ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উর্ধ্বের বাজেট সম্পন্ন গবেষণা;

(খ) 'খ' শ্রেণির গবেষণা: ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকার উর্ধ্বে এবং অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার বাজেট সম্পন্ন গবেষণা;

(গ) 'গ' শ্রেণির গবেষণা: অনূর্ধ্ব ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকার বাজেট সম্পন্ন গবেষণা;

(২) মহাপরিচালক সময়ে সময়ে, আদেশের মাধ্যমে, বিভিন্ন গবেষণা শ্রেণির আর্থিক সীমা সংশোধন করতে পারবেন।

**১৩। গবেষণা কার্যক্রমের মেয়াদ**

কেনো গবেষণা কার্যক্রমের মেয়াদ সাধারণভাবে অর্থ বছরের (জুলাই-জুন) মধ্যে সীমিত থাকবে; তবে মহাপরিচালক প্রয়োজনবোধে এ সময়সীমা সর্বোচ্চ ০৬ (ছয়) মাস পর্যন্ত বৃদ্ধি করতে পারবেন। মহাপরিচালক প্রয়োজন বোধে 'গবেষণা ও পরামর্শক সেবা নির্বাহী কমিটি' এর সুপারিশক্রমে এ মেয়াদ প্রয়োজন অনুসারে আরো ৬ মাস বৃদ্ধি করতে পারবেন।

মোঃ মাহবুব-উল-আলম
মহাপরিচালক
বিয়াম ফাউন্ডেশন, ঢাকা।

**১৪। গবেষণা প্রস্তাবের কাঠামো**

একটি গবেষণা প্রস্তাবে ন্যূনতম নিম্নলিখিত বিষয় অন্তর্ভুক্ত থাকবে-

(ক) ভূমিকা বা গবেষণা সমস্যা;

(খ) গবেষণার যৌক্তিকতা;

(গ) গবেষণার উদ্দেশ্য;

(ঘ) গবেষণার পরিধি;

(ঙ) গবেষণা পদ্ধতি (Methodology), বিশদ বিবরণসহ;

(চ) বিশ্লেষণ ও উপাত্ত উপস্থাপন পরিকল্পনা;

(ছ) গবেষণা কার্যক্রমে নিয়োগযোগ্য ব্যক্তিবর্গ;

(জ) সময়াবদ্ধ কর্মপরিকল্পনা;

(ঝ) বাজেট;

(ঞ) গবেষণা কার্যক্রমের পরিচালক এবং গবেষক(গণের) জীবন বৃত্তান্ত।

**১৫। গবেষণা আহবান ও অনুমোদন প্রক্রিয়া**

(১) গবেষণা ও পরামর্শ সেবা সেল, পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে ফাউন্ডেশনের অনুষদ সদস্য, সার্ভিসের সদস্য এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণের থেকে গবেষণা প্রস্তাব আহ্বান করবে।

(২) গবেষণা ও পরামর্শ সেবা সেল, গবেষণা প্রস্তাব পাওয়ার পর প্রাথমিক পরীক্ষা-নিরীক্ষা সম্পন্ন করে গবেষণার গ্রহণযোগ্যতা নির্ধারণ করবে এবং গবেষণা ও পরামর্শ সেবা নির্বাহী কমিটির নিকট উপস্থাপন করবে।

(৩) 'গবেষণা ও পরামর্শ সেবা নির্বাহী কমিটি', গবেষণা প্রস্তাবসমূহ পর্যালোচনা করে সুপারিশ করবে এবং মহাপরিচালক চূড়ান্ত অনুমোদন প্রদান করবেন।

(৪) গবেষণা প্রস্তাব অনুমোদনের দাপ্তরিক আদেশ জারির পূর্বে গবেষক এবং গবেষণা ও পরামর্শ সেবা সেল এর মধ্যে ৩০০/- (তিনশত) টাকার জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তি স্বাক্ষর করতে হবে।

**১৬। গবেষণা কার্যক্রম শুরু**

গবেষণা প্রস্তাব অনুমোদনের পর সেল হতে প্রতিটি অনুমোদিত গবেষণা প্রস্তাবের অনুকূলে দাপ্তরিক আদেশ জারি করবে এবং উক্ত আদেশ জারির তারিখ থেকে গবেষণা কার্যক্রম শুরু হয়েছে মর্মে গণ্য হবে।

**১৭। গবেষণা কার্যক্রমের মূল্যায়নকারী নিয়োগ**

(১) প্রতিটি 'ক' ও 'খ' শ্রেণির গবেষণা মূল্যায়নের জন্য ফাউন্ডেশনের একজন পরিচালক এবং রিসোর্স পুলের একজন সদস্যকে মূল্যায়নকারী নিয়োগ করা হবে।

(২) 'গ' শ্রেণির গবেষণার ক্ষেত্রে ১ জন পরিচালক অথবা রিসোর্স পুলের একজন সদস্যকে মূল্যায়নকারী নিয়োগ করা হবে।

(৩) মূল্যায়নকারীগণ গবেষণার কার্যক্রম পরিচালনায় পরামর্শ প্রদান করবেন এবং গবেষণা কার্যক্রমের অগ্রগতি পরিবীক্ষণ ও মূল্যায়ন করবেন।

**১৮। সম্মানী**

(১) ফাউন্ডেশন পরিচালিত গবেষণার জন্য বাজেট বরাদ্দ হতে মূল্যায়নকারী নিম্নোক্ত হারে সম্মানী প্রাপ্য হবেন-

(ক) প্রতিটি 'ক' শ্রেণির গবেষণা প্রতিবেদন মূল্যায়নের জন্য ১০,০০০ (দশ হাজার) টাকা;

(খ) প্রতিটি 'খ' শ্রেণির গবেষণা প্রতিবেদন মূল্যায়নের জন্য ৮,০০০ (আট হাজার) টাকা;

(গ) প্রতিটি 'গ' শ্রেণির গবেষণা প্রতিবেদন মূল্যায়নের জন্য ৬,০০০ (ছয় হাজার) টাকা।

(২) কর্তৃপক্ষ 'গবেষণা ও পরামর্শ উপদেষ্টা কমিটি' এর সুপারিশের ভিত্তিতে এ হার পুন:নির্ধারণ করতে পারবেন।



মোঃ মাহবুব-উল-আলম
মহাপরিচালক
বিয়াম ফাউন্ডেশন, ঢাকা।

**১৯। গবেষণার অগ্রগতি পর্যালোচনা**

গবেষক ত্রৈমাসিক ভিত্তিতে গবেষণার অগ্রগতি প্রতিবেদন মূল্যায়নকারীর সুপারিশসহ গবেষণা ও পরামর্শ সেবা সেলের কাছে মহাপরিচালকের অনুমোদনের জন্য উপস্থাপন করবেন।

**২০। সেমিনারে খসড়া প্রতিবেদন উপস্থাপন**

গবেষণাকালীন সংশ্লিষ্ট বিষয়ে সেমিনার আয়োজনে গবেষণা ও পরামর্শ সেবা নির্বাহী কমিটি সেল সহায়তা করবে এবং এ সংক্রান্ত ব্যয় গবেষণার জন্য বরাদ্দকৃত অর্থ হতে সংকুলান করা হবে।

**২১। গবেষণা প্রতিবেদন অনুমোদন**

(১) প্রতিটি গবেষণার চূড়ান্ত প্রতিবেদন সংশ্লিষ্ট মূল্যায়নকারীর মতামতের ভিত্তিতে গবেষণা ও পরামর্শ সেবা নির্বাহী কমিটি অনুমোদন করবে।

(২) সংশ্লিষ্ট গবেষক গবেষণা প্রতিবেদনের ১৫ (দশ) কপি অনুমোদনের জন্য গবেষণা ও পরামর্শ সেবা নির্বাহী কমিটি সেলে দাখিল করবেন।

**২২। গবেষণার জন্য বরাদ্দকৃত অর্থ পরিশোধ**

(১) অনুমোদিত গবেষণা প্রস্তাবের বিপরীতে প্রতিটি গবেষণার জন্য নির্ধারিত কিস্তিতে অর্থ প্রদান করা হবে;

(২) গবেষণা কার্যক্রমের ধরন এবং আর্থিক বরাদ্দ অনুসারে কিস্তির পরিমাণ এবং কিস্তির সংখ্যা নির্ধারণ করা হবে এবং প্রারম্ভিক প্রতিবেদন (Inception Report) প্রাপ্তির পর ১ম কিস্তি প্রদান করা হবে;

(৩) চুক্তি অনুসারে গবেষণার অগ্রগতি পর্যালোচনার পর কিস্তির অবশিষ্ট অর্থ পরিশোধ করা হবে;

(৪) কিস্তির অর্থ অগ্রিম প্রদান করা যেতে পারে তবে পরবর্তী কিস্তি প্রদানের পূর্বে গবেষণার অগ্রগতি পর্যালোচনা করা হবে;

(৫) গবেষণার চূড়ান্ত প্রতিবেদন অনুমোদিত হবার পর সর্বশেষ কিস্তির অর্থ প্রদানের বিষয়টি চুক্তিতে উল্লেখ থাকবে।

**২৩। গবেষণা প্রতিবেদনের স্বত্ব**

(১) ফাউন্ডেশন পরিচালিত সকল গবেষণা প্রতিবেদনের স্বত্ব ফাউন্ডেশনের নিকট ন্যস্ত থাকবে এবং পরিমার্জিত গবেষণা প্রতিবেদন লাইব্রেরিতে সংরক্ষণ করা হবে।

(২) ফাউন্ডেশনের অনুমতিসাপেক্ষে গবেষক নিজ উদ্যোগে অন্যত্র প্রকাশনার ব্যবস্থা করতে পারবেন।

**২৪। গবেষণা সম্পর্কিত তথ্য প্রচার**

গবেষণা তথ্যের যথাযথ প্রয়োগ নিশ্চিতকরণে গবেষণালব্ধ তথ্য সেমিনার ও ওয়ার্কশপ, প্রাতিষ্ঠানিক যোগাযোগ, প্রশিক্ষণ, ওয়েব সাইট ইত্যাদি বিভিন্ন মাধ্যমে প্রয়োজনে প্রচার করা যাবে। প্রচারণার ক্ষেত্রে গবেষণার ফলাফল পরামর্শ ও গবেষণা সেল কর্তৃক যাচাই-বছাই করা হবে এবং 'গবেষণা ও পরামর্শ সেবা নির্বাহী কমিটি'র অনুমোদনক্রমে তা প্রচার করা হবে।

মোঃ মাহবুব-উল-আলম
মহাপরিচালক
বিয়াম ফাউন্ডেশন, ঢাকা।

## পঞ্চম অধ্যায়

## দেশি ও বিদেশি প্রত্যাশী সংস্থার গবেষণা, পরামর্শ সেবা ও সমীক্ষার প্রস্তাব অনুমোদন ও বাস্তবায়ন ও আর্থিক ব্যবস্থাপনা সংক্রান্ত

**২৫। দেশি ও বিদেশি প্রত্যাশী সংস্থার গবেষণা, পরামর্শ সেবা ও সমীক্ষার প্রস্তাব অনুমোদন ও বাস্তবায়ন**

(১) প্রত্যাশী সংস্থার চাহিদা অনুযায়ী গবেষণা পরিচালনা অথবা পরামর্শ সেবা প্রদান বা কেনো প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা পরিচালনার সক্ষমতা ও যৌক্তিকতা গবেষণা ও পরামর্শ সেবা নির্বাহী কমিটি পর্যালোচনা করবে এবং কমিটির সুপারিশ অনুযায়ী কার্যক্রম শুরু করা হবে।

(২) গবেষণা ও পরামর্শ সেবা নির্বাহী কমিটির সুপারিশ অনুযায়ী গবেষণা অথবা পরামর্শ সেবা বা সমীক্ষা পরিচালনার জন্য রিসোর্স পুলের সদস্য, এসাইনমেন্ট ভিত্তিক বিশেষজ্ঞ এবং প্রয়োজনীয় অন্যান্য বিশেষজ্ঞ সমন্বয়ে একটি 'গবেষক টিম' অথবা 'পরামর্শক টিম' গঠন করা হবে যেখানে একজন টিম লিডারসহ প্রয়োজনীয় সংখ্যক সহায়ক কর্মকর্তা ও কর্মচারী থাকবেন। 'গবেষক টিম' অথবা 'পরামর্শক টিম'প্রয়োজনে সর্বোচ্চ তিন সদস্য 'কারিগরি টিম' গঠন করতে পারে এবং প্রয়োজনীয় পরামর্শ গ্রহণ করতে পারবে।

(৩) গবেষণা অথবা পরামর্শ সেবা বা সমীক্ষা পরিচালনার জন্য গঠিত টিমের প্রত্যেক গবেষক বা পরামর্শক এবং সহায়ক কর্মকর্তা ও কর্মচারীর নিকট হতে কর্মপরিধি ও সম্মানীর বিষয়ে সম্মতিপত্র গ্রহণ করতে হবে এবং প্রত্যাশী সংস্থার সাথে চূড়ান্ত চুক্তি সম্পাদনের অব্যবহিত পূর্বে প্রত্যেকের সাথে পৃথক পৃথক চুক্তি সম্পাদন করতে হবে। আর্থিক দায়-দায়িত্বসহ অন্যান্য বিষয়াদি চুক্তির মাধ্যমে নির্ধারিত হবে।

(৪) প্রয়োজনবোধে গবেষণা ও পরামর্শ সেবা নির্বাহী কমিটির সুপারিশক্রমে গবেষণা, পরামর্শ বা সমীক্ষা সংশ্লিষ্ট বিষয়ে বিশেষায়িত প্রতিষ্ঠানের সাথে যৌথ উদ্যোগ গ্রহণ করা যাবে এবং এক্ষেত্রে ফাউন্ডেশন ও বিশেষায়িত প্রতিষ্ঠানের কর্মপরিধি, সম্মানী, লজিস্টিক এবং আর্থিক দায়-দায়িত্বসহ অন্যান্য বিষয়াদি চুক্তির মাধ্যমে নির্ধারিত হবে।

(৫) যৌথ উদ্যোগের ক্ষেত্রে গবেষণা ও পরামর্শ সেবা নির্বাহী কমিটি মনোনীত ব্যক্তি গবেষক বা পরামর্শক টিমের নেতৃত্বে থাকবেন।

(৬) সংশ্লিষ্ট গবেষক অথবা পরামর্শক টিম বা যৌথ উদ্যোগ, প্রত্যাশী সংস্থার গবেষণা, পরামর্শ সেবা বা সমীক্ষার চাহিদা ও টার্মস অব রেফারেন্স অনুযায়ী কারিগরি ও আর্থিক প্রস্তাব প্রস্তুত করবেন।

(৭) এ নীতিমালার অনুচ্ছেদ ২৩-এ উল্লিখিত নীতিসমূহের আলোকে আর্থিক প্রস্তাব প্রণয়ন করতে হবে।

(৮) গবেষণা ও পরামর্শ সেবা সেলের প্রতিনিধি এবং গবেষক বা পরামর্শক টিম-এর টিম লিডার প্রত্যাশী সংস্থার সাথে গবেষণা, পরামর্শ সেবা ও সমীক্ষার কর্মপরিধি, টার্মস অব রেফারেন্স এবং কারিগরি ও আর্থিক বিষয়ে নেগোসিয়েশনে অংশগ্রহণ করবেন।

(৯) প্রত্যাশী সংস্থার সাথে গবেষণা, পরামর্শ সেবা বা সমীক্ষার চূড়ান্ত নেগোসিয়েশনকৃত কর্মপরিধি, টার্মস অব রেফারেন্স এবং কারিগরি ও আর্থিক শর্তসমূহ গবেষণা ও পরামর্শ সেবা নির্বাহী কমিটির সুপারিশের ভিত্তিতে মহাপরিচালক অনুমোদন করবেন;

(১০) প্রত্যাশী সংস্থার গবেষণা, পরামর্শ সেবা বা সমীক্ষার চূড়ান্ত নেগোসিয়েশনকৃত প্রস্তাবে মহাপরিচালকের অনুমোদনের প্রেক্ষিতে গবেষণা ও পরামর্শ সেবা সেল প্রত্যাশী সংস্থার সাথে চুক্তি সম্পাদন করবে।

(১১) 'গবেষক টিম' বা 'পরামর্শক টিম' সংশ্লিষ্ট গবেষণা অথবা পরামর্শ সেবা বা সমীক্ষার মান নিশ্চিত করবে।

(১২) প্রত্যাশী সংস্থার কাছে ফাউন্ডেশনের প্রস্তাব গৃহীত না হলে 'গবেষক টিম' অথবা 'পরামর্শক টিম' বা 'যৌথ উদ্যোগ' এর কোনো সদস্য বা অংশীদার কোনো আর্থিক সুবিধা বা অন্য কোনো ধরনের সুবিধা বা ক্ষতিপূরণ দাবী করতে পারবেন না।

(১৩) 'গবেষণা ও পরামর্শ সেবা নির্বাহী কমিটি' গবেষণা, পরামর্শ সেবা বা সমীক্ষার মান এবং গ্রহণযোগ্যতার বিষয়ে সময়ে সময়ে পরিবীক্ষণ করবে।

(১৪) মহাপরিচালকের অনুমোদনক্রমে গবেষণা, পরামর্শ সেবা বা সমীক্ষার ফলাফল বা প্রতিবেদন গবেষণা ও পরামর্শ সেবা সেল প্রত্যাশী সংস্থার নিকট হস্তান্তর করবে।

(১৫) সময়াবদ্ধ পরামর্শ প্রদানের ক্ষেত্রে 'গবেষক টিম' বা 'পরামর্শক টিম' প্রত্যাশী সংস্থা এবং ফাউন্ডেশনের মধ্যে সম্পাদিত চুক্তি অনুসরণ করবে।

(১৬) ফাউন্ডেশন প্রত্যাশী সংস্থার অনুকূলে পরিচালিত গবেষণার ব্র্যান্ডিং সংরক্ষণ করতে পারবে।



মোঃ মাহবুব-উল-আলম
মহাপরিচালক
বিয়াম ফাউন্ডেশন, ঢাকা।

**২৬। বাজেট অনুমোদন ও অর্থ পরিশোধ**

(১) গবেষণা, পরামর্শ সেবা বা সমীক্ষা পরিচালনার বিনিময়ে প্রাপ্ত অর্থের সর্বোচ্চ ৭৫% 'গবেষক টিম' অথবা 'পরামর্শক টিম' বা 'যৌথ উদ্যোগ' এর সদস্য বা অংশীদারের সম্মানী, সহকারীদের বেতন এবং গবেষণা মূল্যায়নসহ অন্যান্য খাতে প্রদান করা হবে এবং অবশিষ্ট অর্থ সার্ভিস চার্জ হিসাবে ফাউন্ডেশনের মূল তহবিলে জমা হবে;

(২) ফাউন্ডেশন এবং প্রত্যাশী সংস্থার সাথে সম্পাদিত চুক্তির আলোকে গবেষণা, পরামর্শ সেবা বা সমীক্ষা পরিচালনার জন্য একটি বাজেট অনুমোদিত হবে;

(৩) প্রতিটি গবেষণা, পরামর্শ সেবা বা সমীক্ষা পরিচালনার জন্য প্রণীত বাজেটে গবেষণা বা পরামর্শ সেবা টিমের সদস্যদের সম্মানী, সহকারীদের বেতন এবং গবেষণা অথবা পরামর্শ সেবা বা সমীক্ষা পরিচালনার অন্যান্য ব্যয়ের বিস্তারিত উল্লেখ থাকবে এবং সে অনুযায়ী ব্যয় নির্বাহ করা হবে;

(৪) প্রত্যাশী সংস্থা এককালীন অথবা সর্বোচ্চ ০৩ (তিন) কিস্তিতে চুক্তি অনুযায়ী অর্থ ফাউন্ডেশনের অনুকূলে প্রদান করবে এবং উক্ত অর্থ ফাউন্ডেশনের গবেষণা, পরামর্শ সেবা ও সমীক্ষা পরিচালনা তহবিলে জমা করা হবে;

(৫) গবেষণা ও পরামর্শ সেবা নির্বাহী কমিটি'র প্রতি সদস্য গবেষণা, পরামর্শ সেবা ও সমীক্ষা পরিচালনা সংক্রান্ত বিষয়ে অনুষ্ঠিত প্রতি সভার জন্য নিম্নোক্ত হারে সম্মানী পাবেন;

(ক) ১০ (দশ) কোটি টাকার উর্ধ্বের সেবামূল্যের জন্য ১০,০০০ (দশ হাজার) টাকা;

(খ) ১ (এক) কোটি টাকার উর্ধ্ব হতে ১০ (দশ) কোটি টাকা পর্যন্ত সেবামূল্যের জন্য ৮,০০০ (আট হাজার) টাকা;

(গ) ১ (এক) কোটি পর্যন্ত সেবামূল্যের জন্য ৫,০০০ (পাঁচ হাজার) টাকা।

(৬) গবেষণা, পরামর্শ সেবা বা সমীক্ষা পরিচালনার বিনিময়ে প্রাপ্ত অর্থের সর্বোচ্চ ৭৫% 'গবেষক টিম' অথবা 'পরামর্শক টিম' বা 'যৌথ উদ্যোগ' এর টিম লিডারগণ গৃহীত ও ব্যয়িত অর্থের হিসাব এবং যাবতীয় বিল-ভাউচার যথাযথভাবে সংরক্ষণ করবেন এবং নিয়মিতভাবে গবেষণা ও পরামর্শ সেবা সেলের কাছে দাখিল করবেন।

(৭) প্রতিটি ব্যয়ের ক্ষেত্রে সরকারের আর্থিক বিধি বিধান অনুসরণ করতে হবে।

## ষষ্ঠ অধ্যায়

## রিসোর্স পুল গঠন এবং পরামর্শক ও বিশেষজ্ঞের অন্তর্ভুক্তি

**২৭। রিসোর্স পুল গঠন**

(১) ফাউন্ডেশন এই নীতিমালার উদ্দেশ্য পূরণকল্পে একটি রিসোর্স পুল গঠন এবং প্রয়োজনীয় সংখ্যক গবেষক, পরামর্শক ও বিশেষজ্ঞ রিসোর্স পুলে অন্তর্ভুক্ত করতে পারবে;

(২) রিসোর্স পুলে সার্ভিসের কর্মরত ও অবসরপ্রাপ্ত সদস্য এবং ফাউন্ডেশনের অনুষদ সদস্যকে অন্তর্ভুক্ত করা যাবে;

(৩) রিসোর্স পুলে অন্তর্ভুক্তির প্রয়োজনীয় যোগ্যতা গবেষণা, পরামর্শ সেবা বা ও সমীক্ষার ক্ষেত্রসমূহের আলোকে নির্ধারণ করা হবে।

(৪) ফাউন্ডেশন রিসোর্স পুল গঠনের জন্য যোগ্যতাসম্পন্ন ব্যক্তিদের থেকে নির্ধারিত ছকে প্রস্তাব আহ্বান করবে এবং প্রাপ্ত আবেদনে গবেষণা ও পরামর্শ সেবা নির্বাহী কমিটি'র কমিটির সুপারিশের ভিত্তিতে রিসোর্স পুলে অন্তর্ভুক্ত করা হবে।

**২৮। রিসোর্স পুলে অন্তর্ভুক্তির জন্য যোগ্যতা**

রিসোর্স পুলের কোনো সদস্যের সংশ্লিষ্ট বিশেষায়িত ক্ষেত্রে ন্যূনতম যোগ্যতা নিম্নরূপ হবে-

(ক) এমফিল/পিএইচডি ডিগ্রী অথবা স্বীকৃত গবেষণা জার্নালে ন্যূনতম ২টি প্রকাশনা; অথবা

খ) সার্ভিসের সদস্য হিসাবে ন্যূনতম ২০ (বিশ) বছরের চাকরিকাল; অথবা

গ) গবেষণা কার্যক্রমে ন্যূনতম ৫ (পাঁচ) বছরের সংশ্লিষ্টতা; অথবা

ঘ) দেশি, বিদেশি বা আন্তর্জাতিক স্বনামধন্য প্রতিষ্ঠানে ন্যূনতম ৫ (পাঁচ) বছর পরামর্শক হিসেবে কর্ম অভিজ্ঞতা।

মোঃ মাহবুব-উল-আলম
মহাপরিচালক
বিয়াম ফাউন্ডেশন, ঢাকা।

**২৯। রিসোর্স পুল বহির্ভূত গবেষক, পরামর্শক বা বিশেষজ্ঞের অন্তর্ভুক্তি**

ফাউন্ডেশন রিসোর্স পুল ছাড়াও সুনির্দিষ্ট গবেষণা, পরামর্শ সেবা বা ও সমীক্ষার প্রয়োজনে প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত অভিজ্ঞ ব্যক্তিবর্গ এবং গবেষণা ক্ষেত্রসমূহে নিয়োজিত বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, গবেষণা প্রতিষ্ঠানে কর্মরত ব্যক্তিবর্গ এবং সমীক্ষা পরিচালনায় অভিজ্ঞ ব্যক্তিবর্গকে অন্তর্ভুক্ত করতে পারবে এবং তাদের অন্তর্ভুক্তি এসাইনমেন্ট ভিত্তিক হবে।

## সপ্তম অধ্যায়
## গবেষণা, পরামর্শ সেবা ও সমীক্ষা পরিচালনা তহবিল গঠন ও ব্যবস্থাপনা

**৩০। গবেষণা, পরামর্শ সেবা ও সমীক্ষা পরিচালনা তহবিলের গঠন**

(১) 'গবেষণা, পরামর্শ সেবা ও সমীক্ষা পরিচালনা তহবিল' নামে ফাউন্ডেশনের একটি তহবিল থাকবে।

(২) তহবিলে নিম্নবর্ণিত অর্থ জমা হবে-

(ক) সরকার বা দেশি-বিদেশি সংস্থা হতে গবেষণা, পরামর্শ সেবা ও সমীক্ষা পরিচালনার উদ্দেশ্যে প্রাপ্ত অনুদান;

(খ) গবেষণা, পরামর্শ ও সমীক্ষা সেবা প্রাপ্তির উদ্দেশ্যে প্রত্যাশী দেশি ও বিদেশি সংস্থা হতে প্রাপ্ত অর্থ; এবং

(গ) গবেষণা, পরামর্শ সেবা ও সমীক্ষা খাতে ফাউন্ডেশনের নিজস্ব আয়;

(৩) তহবিলের অর্থ কোন তফসিলি ব্যাংকে জমা থাকবে;

(৪) মহাপরিচালক এবং গবেষণা ও পরামর্শ সেলের পরিচালকের যৌথ-স্বাক্ষরে তহবিল পরিচালিত হবে;

(৫) গবেষণা ও কনসালটেন্সি সার্ভিস তহবিল হতে গবেষণা, পরামর্শ সেবা বা সমীক্ষা পরিচালনার ব্যয় নির্বাহ করা হবে এবং সংশ্লিষ্ট কার্যক্রম সমাপ্তিতে সকল ব্যয় সমন্বয়পূর্বক ফাউন্ডেশনের প্রাপ্য অংশ ফাউন্ডেশনের মূল তহবিলে জমা করা হবে।

(৬) ) গবেষণা ও পরামর্শ সেবা নির্বাহী কমিটি তহবিল গঠনের জন্য প্রয়োজনীয় উদ্যেগ গ্রহণ করতে পারবে।

(৭) তহবিলের অর্থ বা উহার অংশবিশেষ বোর্ডের অনুমোদনক্রমে আইনানুগ অন্য যেকোনো খাতে বিনিয়োগ করা যাবে।

## অষ্টম অধ্যায়
## নীতিমালা সংশোধন, পরিমার্জন ও বাতিল

**৩১।** ফাউন্ডেশনের পরিচালনা বোর্ডের অনুমোদনক্রমে যে কোনো সময় এ নীতিমালা সংশোধন, পরিমার্জন বা বাতিল করা যাবে।

মোঃ মাহবুব-উল-আলম
মহাপরিচালক
বিয়াম ফাউন্ডেশন, ঢাকা।

**পরিশিষ্ট 'ক'**

**বিয়াম ফাউন্ডেশনের গবেষণা ও পরামর্শক সেবা রিসোর্স পুলে অন্তর্ভুক্তির জন্য আবেদনের ছক**

| | | | | |
|---|---|---|---|---|
| ক) | **ব্যক্তিগত তথ্য** | | | |
| ১. | কর্মকর্তার নাম | | | |
| ২. | বাংলায় | | | |
| | ইংরেজিতে | | | |
| ৩. | পরিচিতি নম্বর ও ব্যাচ | | | |
| ৪. | পদবি (অবসরপ্রাপ্তদের জন্য সর্বশেষ পদের পদবী) | | | |
| ৫. | জন্মা তারিখ | | | |
| ৬. | ঠিকানা | | | |
| ৭. | বর্তমান ঠিকানা | | | |
| ৮. | স্থায়ী ঠিকানা | | | |
| ৯. | মোবাইল নম্বর<br>টেলিফোন নম্বর<br>ই-মেইল | | | |
| (খ) | **শিক্ষাগত যোগ্যতার তথ্য** | | | |
| ১০. | ডিগ্রি | প্রতিষ্ঠান | প্রাপ্ত শ্রেণি/বিভাগ | উল্লেখযোগ্য বিষয়/ গবেষণার বিষয় |
| ১১. | এস এস সি/সমমান | | | |
| ১২. | এইচ এস সি/সমমান | | | |
| ১৩. | স্নাতক/সমমান | | | |
| ১৪. | স্নাতকোত্তর/সমমান | | | |
| ১৫. | এম ফিল | | | |
| ১৬. | পি এইচ ডি | | | |
| (গ) | **অভিজ্ঞতার বিবরণ** | | | |
| ১৭. | মোট চাকরিকাল | | | |
| | চাকরিকালীন উল্লেখযোগ্য অভিজ্ঞতার বিবরণ | পদবি ও শেষ ০৫ (পাঁচ) টি কর্মস্থল | দায়িত্ব | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| ১৮. | গবেষণা সংক্রান্ত অভিজ্ঞতার বিবরণ | | | |
| ১৯. | গবেষণা সংশ্লিষ্ট কাজের/প্রকাশনার বিবরণ | | | |
| ২০. | গবেষণা সংক্রান্ত প্রকাশনার বিবরণ | | | |

আমি এই মর্মে প্রত্যয়ন করছি যে, উপরে বর্ণিত তথ্য সঠিক এবং বর্ণিত তথ্যে কোন ভুল প্রমাণিত হলে আমি ব্যক্তিগতভাবে দায়ী থাকব।

বি:দ্র: প্রয়োজনে অতিরিক্ত কাগজ ব্যবহার করা যাবে।

আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ



মোঃ মাহবুব-উল-আলম

মোঃ মাহবুব-উল-আলম
মহাপরিচালক
বিয়াম ফাউন্ডেশন, ঢাকা।